THE STAMP ACTA

नूजन।

ইফাপ্পবিষয়ক।

इ० ১৮१२ मार्नित > आईन।

<u> অথা</u>ৎ

ইন্টাম্প বিষয়ক ভারতব্যীয় ১৮৭৯ সালের আইন।

শীনৃত্যলাল শীল কর্তৃক

গবৰ্ণমেণ্ট গেজেট হইতে অবিকল উদ্বত এবং বিশেষক্রপে সংশোধিত ও প্রকাশিত।

কলিকাতা।

এন্, এল্, শীলের যত্তে মুদ্রিত।

मर के कारबीटमाना।

>>, > 0

निर्घणे।

NETT WEST

| প্রথম প্রথম । | শারা পৃষ্ঠা : |
|--|---|
| উপ্রক্রমম্ শিক। | ১৪: ১২ ও ১০ ধারার বিক্রমে লিখিত |
| A:1864-4-(-14) | নিদদর্শনপত্র ইত্তাম্প শৃত্য বলিয়া গণ্য হইবার |
| ধারা। পুঠা। | न कथा। |
| ১। সংক্ষপ নামের কথা। ১ | ১৫। ব্যক্ত করণের ক্ষা। 🗳 |
| আইন দেং স্থানে ব্যাপ্ত হইবে তাছার কথা। এ | ্ (গ)—নিদর্শনপদ্ভের উপর ইন্টাম্প বসাইবার |
| জাইন যে অবধি চলিবে তাহার কথা। 🗳 | ্সমরের কথা। 🗳 |
| 📲 যে২ জাইন বহিত হইবে তাছার ক্যাঞ | 🍴 ১৬। ব্রিটি্র ভারতবর্বে সম্পাদিত নিদর্শন |
| ৩। তার্থকরণের ধারা। 🐧 | িপত্রের কগাং । 🐧 |
| 🐇 ৪। তফসীল আইনের অক্স্তরূপ গ্রাণ্ডইয়া | ২৭। বিল ও চাকি ও নোট ভিন্ন অস্তান্ত যে |
| পাঠ করিবার কথা। | ় নিদৰ্শনপত্ৰ লিটিৰ ভারভব্বের বহিভুভি কোন |
| | স্থানে সম্পাদিত হয় তাহার কথা। 🛮 🗿 |
| | ৯। যে বিল ও চ্যাক ও নোট ব্রিটিয |
| দ্বিতীয় অধ্যায়। | ্লারতবর্ষের বহিছুতি কোন ছানে লেখা যায় |
| ইফাস্পের মাসুল বিষয়ক বিধি। | ভাহার কথা। 🗳 |
| 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 1 | াঘ) মাত্রল পক্ষে মুদ্রাবিশেষের মূল্য 🎜 |
| (ক)—নিদর্শনপত্রে ইন্টাস্পের মাস্থল লাগি- | নি-(য়ের কথা। ৭ |
| বার কথা। 8 | ১৯। বিশেষ কোন মুম্বাতে মূল। নিৰ্বিয় |
| ৫। যে২ নিদর্শনপত্র মাসুল যোগ্য ভাহার | করিবার কথা। 💮 🗳 |
| केश।- | ২০। অন্য বিদেশীয় মুক্তার মূল্য নির্ণয় করি- |
| ৬। একং ব্যাপারে ভিন্ন২ দিপির ব্যাবহার | बाह्न कथा। 🗳 |
| हरेल डाहाउ कथा। | ২১। ফ্টাক ও ক্রের বিক্রেয় সিবু।রিটির |
| ৭। ভিন্নং বিষয় সম্বন্ধীয় নিদর্শনপত্তের | মূল্য নিরপণের কথা। 🗳 |
| कथा। 🗳 | ২২। বিনিময়ের ছার বা গাড় মূল্য বাক্তৃ |
| কোন লিপি তফসীলে ভিন্নং বর্ণনার মধ্যে | থাকিবার ফলের কথা। ঐ |
| ধরিতে পারিলে তাছার কথা। 🕒 🗳 | ২০। যে পতের ছার। স্থানের নিয়ম কর। |
| ৮। ই টাম্পের মাসুল হান কি ক্ষমা করি - | যায় ভাষার কথা। |
| বার ক্ষনতার কথা। 🗳 | ২৪। ঋণ পরিশোধার্থ অথবা উত্তর কালে |
| (খ)ইফ্টাম্প ও তাছার বাবহার করিবার | টাকাদিবার নিয়মযুক্ত হস্তান্তরপত্রের মাক্ষ্ |
| নিরমের কথা। | যে প্রকারে ধরা যাইবে ভাষার কথা। এ |
| | ২৫। বার্ষিক রত্তিপ্রভূতির পক্ষে মূল্য |
| | ४तिबात्र कथा। |
| ২০। আটাল ইফ্টাম্পের ব্যবহার করিবার | ২৬। নিদর্শনপত্তের উদ্লিখিত বিষয়ের মূল্য |
| कश्री। | নির্দ্ধান্তিত না ইইলে ইফ্টাম্প বসংইবার কথা। ৮ |
| ১১। আটাল ইফ্টাম্পা অকর্মণা করিবার | ২৭। নিদ ^{্র} াত্র মাস্থলসম্পর্কীয় বিষয় |
| क्षा। ज | উল্লেখ করিবার কথা। |
| ১২। ছাপা ইফ্টাম্পযুক্ত নিদর্শনপত্র যে | ২৮। সমর্পণপত্র বিশেষে মাস্থল দিবার |
| মতে লিখিতে হইবে তাহার কথা। এ | जारम्हणात्र कथा। |
| ১৩। একই ইউাল্প কাগজে কেবল একই | (৬) মাসুল যে পক্ষের দিতে হইবে ভাষার |
| নিদৰ্শনপ্ৰ লেখা থাকিবার কথা। এ | कथें। |

ধার। পূঠা। ২৯। মাতুল বে পক্ষের নিতে ছইবে তাহার কথা।

তৃতীয় অধ্যায়।

ইষ্টাম্প নির্ণয় করণবিষয়ক বিধি।

১০। উপযুক্ত ইউম্পে নির্ণয় করিবার কগা ৯
কালেন্টর সাহেবের চুম্বক প্রমাণ চাহিতে
পারিবার কথা।

উপবিধান।

৩১। কালেক্টর সাছেবের সার্টিকিকেট দিবার কথা। ২০

্তৃ । ৩০ ধারামতে কী দিবার নিয়নের কথা। ঐ

চতুর্থ অধ্যায়।

যে নিশ্নিপত্রের উপর নিয়মিত ইফ্টাম্প দেওয়া যায় নাই তদ্বিয়ক বিধি।

নিদর্শনপত্র পরীক্ষা ও আটক করিয়া রা-থিবার কথা। এ ৩৪। যে নিদর্শনপত্রে উপযুক্ত ইক্টাম্প লাগান যায় নাই তাহা প্রমাণস্বরূপ অগ্রাছ ইহার কথা। ১১

উপবিধান।

- (১) মাত্রল ও দণ্ডে টাকা দেওয়া গেলে যে নিদর্শনপত্র আহণ করা যার ভাছার কথা। ঐ
- (२) বিশেষ যে ফৌজদারী মোকদ্দদার নিদর্শনপাত্র ঘোষণ করা যার ভাষার কথা।
- [৩] বিদর্শনপত্র আছ হইলে তংপজেকোন
 আপত্তি বা চলিবার কথা। এ
 ৩৫ ৷ নিদর্শনপত্র আটক করা পেলে ভাহা
 লইয়া বাকা করিতে হইবে ভাহার কথা। এ
 ৩১ ৷ ৩৫ খারামত দণ্ডের টাকা কলেন্টর
 সাহেবের কিরাইরা নিবার ক্ষমভার কুথা। ১২
 ৩৭ ৷ যে নিদর্শনপত্র আটক করা গেল
 ভাহাতে কালেন্টর সাহেবের ইঞ্চীপ লাগাইবার ক্ষমভার কথা।

ধার। পৃষ্ঠা। ৬৮। অকমা**ং কো**ন কারণে যে নিদর্শন-

পত্তে স্থান মূল্যের ইফ্টাম্পা লাগান যার ভাষার কথা।

হ>। ৩৪ কি ৩৭ কি ৩৮ ধারামতে যে নিদর্শনপত্রে মাজল দেওরা হইরাছে ভাহার পৃষ্ঠণিপি করিবার কথা।

৪০। ইফাম্প আইন উল্লন্তন করিবার অপ্রাধ সন্থয়ে মোকক্ষমাকরিবার কথা। এই উপ্রিধান।

৪১। মাসুল কি দণ্ডে টাকা দেওরা গোলে ভাষা ছলবিশেষে কিরিয়া পাইবার কথা। থে ৪২। ৩৪ ও ৩৭ ধারামতে যে অর্থনিও আনায় হর ভাষা ক্ষমা করিবার কথা। থে ৪০। ৩৫ ধারামতে প্রেরিত পাত্র হারাইয়া গোলে তৎসম্পার্কে কোন দায়িত্ব না থাকিবার কথা।

উক্তরপে প্রেরিত নিদর্শনপত্রের প্রতি**লিপি** করিবার কথা। ঐ ৪৪। বিলে কি নোট কি চাাকে ইফা<mark>ম্প্রনা</mark> থাকিলে টাকাঞ্রদাতার ইফাম্পে বসাইবার

পঞ্চম অধ্যায়।

ক্ষমভার কথা।

প্রশ্ন ও পুনরালোচনা বিষয়ক বিধি।

৪ং। কত মাসুল লাগিতে পারে কালেইর
সাহেবের এত ছিবয়ে সন্দেহ থাকিলে বাহা
করিতে হয় তাহার কথা।
৪৬। রাজস্বসম্পানীয় কর্তৃপক্ষদিগের হাই
কোর্টে বিবাদার্পণের কথ।
৫৭ আদালতের আবো বিভারিত বর্ণনা
চাহিবার ক্ষমতার কথা।
৫৮। প্রস্থান কার্যপ্রবাদীর ক্ষা ঐ
৪৯। অন্তান্ত আদালতের হাই কেংটে
বিবাদার্পন করিবার কথা।
৫০। ব্যোপযুক্ত ইন্টাম্পা সম্পর্কে আদালতের কোনা
লতের কোন কোনা নিম্পাড়ির প্রন্নালোচনা
করিবার কথা।

वर्ष व्यशाय।

নষ্টীক্ষত বা অনাবশ্যক ইফাস্পের মুল্য ফিরাইয়া দিবার বিধি।

ধারা পৃষ্ঠা।
৫১। নত করা ইটাম্পের মূল্য ধরিয়া
দিবার কথা। ১৬
৫২। অনুপযুক্তরপেইফ্টাম্পব্যবহার হইলে

म्ला धित्रां मितात कथी। १९

৫৩। ৫১ ও ৫২ ধারার বলে মূল্য যেরপে ধরিয়া দেওরা যাইবে তদ্বিধরের কপা। ১৮

ea। যে ইন্টাম্প ব্যবহার করিবার প্রয়োন। ৬৯। বিল কি সামুদ্রিক বিমাপত্র সেট করিয়া জন নাই তাহার মূল্য ধরিয়া দিবার কথা। কি। দেখা যাইবার ভাব দেখাইলেও সম্পূর্ণ সংখ্যা

সপ্তম অধ্যায়।

ণরিশিন্ট বিধি।

শেব। ইফ্টাম্প বিক্রয় সম্বন্ধীয় বিধিকরিবার
ক্ষমতার কথা। ঐ

৫৬। আইন কার্যো পরিগত করিবার
নিমিত্ত সামান্ততঃ বিধি করিবার ক্ষনতারকথাঐ

৫৭। সময়ে সময়ে কোন কোন ক্ষমতামুসারে কার্যা করিবার কথা। ঐ

বিধি প্রকাশ করিবার কথা। ঐ

৫৮। স্থলবিশেষে রুসীদ দিবার কথা। ঐ

৫৯। আদাললেতর রক্ম বিষয়ে না খাটি-বার কথা। ১৯

১০। আইন অনুবাদিত ছইয়া তাছার স্ফুটী পাত্র করা যাইবার ও অপ্প মূল্যে বিক্রয় ছইবার কথা।

অফ্টম অধ্যায়।

অপরাধ ও দণ্ড প্রণালী বিষয়ক বিধি।

· ৬১। যে কাগজ নির্মিতরপে ইফ্টাম্প করা ধার নাই ভাষাতে নিদর্শনপত্র সম্পাদন প্রভৃতি করিবার দণ্ডের কথা।

৬২। আটাল ইফাল্প অকর্মণ্য না করিবার मरअब कथा। ২৭ ধারার বিধান না মানিবার দত্তের কথা ৷ ৬৪। রসীদ দিতে অস্বীকার করিলে ও রসীদের মাসুল এড়াইবার কম্পনা করিলে তাহার দণ্ডের কথা। sal विभाशद्ध•ना निश्तिता मिनात मटखत কিন্তা যাছাতে নিয়মিত ইন্টাম্প লাগান যায় নাই তাহা লিখনাদির দত্তের কথা। ৬১। বিল কি সামুত্রিক বিমাপত্র সেট করিয়া গ্রহর্ণ না করিবার দণ্ডের কথা। ৬৭। বিল অফ এক্স:চঞ্জে পরবর্তী ভারিধ দেক্সা প্রভৃতি কার্য্য করিলে অর্থদণ্ডের কথা ঐ রাজস্ব বঞ্চিত করিবার অনা প্রকার কো-শল করিলে অর্থদণ্ডের কথা। ৬৮। ইন্টাম্প বিক্রয়ের বিধি লঙ্গনের এবং অনমুমত বিক্রয় করিবার দণ্ডের কথা।

কথা।

৭০। যে মাজিট্রেটদের বিচারাধিপতা
থাকিবে ভাঁখাদের কথা।

৭১। বিচারস্থানের কথা।

৭২। অত্যাত্ম আইনের কার্মোর ব্যাঘাত
নাছইবার কথা।

ঐ

৬৯ ৷নালিশ উপস্থিত করিবার ও চালাইবার

প্রথম তফুদীল ২২ ভিন্ন দলীলের উপার ইন্টাম্পের মান্মলের কথা।

দ্বিতীয় তফদীল ৩৮ ইফ্টাম্পের মাধ্যন বর্জিকুপত্ত।

তৃতীয় তফসীল বৃহিত করা আইন।



ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

১৮৭৯ সালের ১ আইন।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত্গবর্ণর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন মহিমবর শ্রীযুত্ত গবর্ণর জেনরল সাহেব ১৮৭৯ সালের জাতুয়ারি মাসের ১৭ তারিথে অনুমোদনকরাতে তাহা সাধারণের জ্ঞাপনার্থে এতদ্ধরা প্রকাশ করা গেল।

ইন্টাম্প বিষয়ক আইন সংগ্ৰহ ও সংশোধন করণার্থ আইন।

প্রথম অধ্যায়।

উপক্রমণিকা।

সংক্ষেপ নামের কথা।
১ ধারা। এই আইন ''ইফ্টাম্প বিষয়ক
১৮৭৯ সালের আইন, নামে খ্যাড হইতে
পারিবে।

কাইন গে যে স্থানে ব্যাপ্ত হইবে ভাছার কথ!।

এই আইন ব্রিটিষ ভারতবর্ষের সমস্ত দেশে ব্যাপ্ত হইবে,

আইন যে অবধি চলিবে ডাছার কথা। এবং ১৮৭৯ সালের এপ্রেল মাসের এবথম দিবস অবধি প্রবল ইইবে।

থে যে আইন বৃহিত চইবে ডাচার কথা।

২ ধারা। তৃতীয় তক্ষীলে যে যে আইন
নির্দ্ধিট ছইরাছে, সেই তক্ষীলের তৃতীয়
থান্ত চইই
যরে সেই২ আইনের যে সকল ধারা প্রভৃতি
নির্দ্ধিট চইল, উক্ত দিবস অবধি সেই সেই
ধারা প্রভৃতি বৃহিত চইবে। বিক্ত ১৮১৯ লক লেডি
সালের ইফান্পের সাধারণ আইন অমুসারে। বুঝাইবে।

कृष्ठ श उरकारन वसनर य य विधि धरे काहें स मञ्ज्ञ हर महे निधि बरे काहें स क्यूमाद्र इ. उ विस्त्री काम कड़ी याहें रा, धनर ५४%, मारलंड रेग्नास्मित माधादन काहें सन्दर्भ श्रीत करा काहें से काहें सम्बद्ध या या के स्त्री काहिस काहें साहें सम्बद्ध के स्त्री काहें साहें सम्बद्ध के स्त्री काहें साहें सम्बद्ध के स्त्री काहिस माद्राह्म

অর্থ করণের ধারা।

ওধারা। এই আইনে বিষয় বিবেচনায় কিমা পূর্ববাপর কথার দ্বারা বিপরীত বোধ না চইলে,

(১) কুঠিয়াল শব্দে ব্যাঙ্ক অর্থাৎ কুঠি এবং কুঠিয়ালের ব্যবসায় করে এ রূপ ব্যক্তিকেও বুনাইবে।

" विन व्यक् अक्षरह्या ,,

(২) "বিল ঋক এক্সচেপ্ল্য, শব্দে হণ্ডীও বুঝাইবে।

" विन चम लिडिश।,,

(8) "বাশু,, শক্ষের এই এই অর্থ— "ৰাশু,, অর্থাৎ নিবন্ধণত।

(ক)যে নিদর্শনপত্রহার। কোন থাক্তি অস্থ ব্যক্তিকে এই নিয়মে টাকা দিতে আপনাকে আবদ্ধ করেন, যে নির্দ্ধিন্ট কোন কার্য্য করা গোলে কিন্ধা তুল বিশেষে না করা গোলে ঐ নিবন্ধ ব্যর্থ হইবে, দেই নিদর্শনপত্র, ও

- (থ) আজ্ঞামতে অথবা বাহকের নিকট পরিশোধনীয় নয় সাক্ষ্যি আফরিত এমন যে নিদর্শনপত্তে কোন ব্যক্তি অন্ত কাহাকে টাকা দিতে আপনাকে আবদ্ধ করেন, ডাহা, ও
- (গ) উক্তমতে আক্ষরিত যে নিদর্শনপত্রভারা কোন ব্যক্তি অত কাহার নিকট শত্ত বা কৃষ্যুৎপত্ম অভা দ্রব্য অপুণি করিতে আপ্নাকে আবদ্ধ করেন তাহা।

" মাস্কল যোগ্য ,,

(৫) এই আইন প্রবল হইলে যে নিদর্শনগত্র সম্পাদিত বা প্রগত্ত সম্পাদিত হয় ওৎসম্বন্ধে '' মাসুলযোগ্য ,, শত্রে এই আইন
অনুসারে মাসুলযোগ্য রুমাইবে এবং অন্থ নিদর্শনপত্র সম্বন্ধে যৎকালে সেই নিদর্শনপত্র
সম্পাদিত হয়, অথবা ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন
ভিন্ন ব্যক্তিক কর্তৃক সম্পাদিত হইলে যৎকালে
সেই নিদর্শনপত্ত প্রথম সম্পাদিত হয় ওৎকালে ব্রিটিস ভারতবর্ষে যে আইন প্রবল ছিল
ওদসুসারে মাসুলযোগ্য বুঝাইবে।

" bita ! ,,

(৬) টাকা চাছিবামাত্র ডাছা পরিশোধনীয় এই মর্ম্মের বিল অফ এক্সচেপ্ত কোন কুঠি-রালের উপর দেওয়া গেলে "চ্যাক, শব্দে সেই লিপি বুঝায়।

" রাজন্ব সম্পর্কীয় প্রধান তত্ত্বাবধায়ক। ,,

(৭) মাস্তাক্ষ প্রেসিডেস্সীতে ও বছদেশের ও উত্তর প্রক্রিম প্রদেশের লেন্টেনেট গর্বণর সাহেবদের কতৃত্বধীন দেশে ''রাজস্বসম্পা-কীয় প্রধান ভত্তাবধায়ক,, এই শব্দে রেভি-নিউ বোর্ডকে বুঝাইবে, নিজু ও বোদ্বাই নগ-রের সীমার বহিছুতি কিন্তু বোদ্বাই প্রেসি-ডেস্পীর অন্তর্গত ছাবে রেভিনিউ কমিশুনর সাহেবকে ও নিস্কুদেশে কমিশুনর সাহেবকে ও পঞ্লাবদেশে ক্ষিনানশুল কমিশুনর সাহেবকে

এবং অন্ত্র স্থানীয় গ্রন্মেণ্টকে অগ্ন স্থানীয় গ্রন্মেণ্ট রাজ্নীয় গ্রেপ্তেটে জ্ঞাপন-পত্র প্রকাশ করিয়া এতংপক্ষে নাম উল্লেখ ধীরা অগ্রা পদোপলক্ষে যে ব্যক্তিকে নিযুক্ত করেন, উাহাকে বুকাইবে।

" কালেক্টর। ,,

(৮) কলিকাতা ও মাজ্রাজ ও বোসাই

নগরের দীমার মধ্যে "কালেক্টর,, শব্দে কলিকাতার কিয়া মালেকৈর কিয়া বোদাইর
কালেক্টর সাহেবকে বুলাইবে। ও দেই দেই

নগরের দীমার বহিন্দু ও জানে জিলার কালেক্টর সাহেবকে বুলাইবে। এবং ঐ শব্দে
ভেপুটী কমিশুনরকে ও জানীয় গবর্ণমেন্ট রাজকীয় গেলেটে জ্ঞাপনপত্র প্রকাশ ক্রিয়া এতং

কাম উল্লেখনারা অথবা প্রদাপ্লক্ষে যে
বাজ্ঞিকে নিযুক্ত করেন ভাইকে বুলাইবে।

" मगर्भनभन्। ,,

া ৯) যে নিদশনপত্তজ্ঞ স্থাবর কি অস্থা-বর কোন সম্পত্তির বিজয়পুর্বক আগোন প্রদান হয় "সমর্পণপত্ত।, শত্তে সেই নিদশনি পত্ত বুকাইবে।

"মিয়মিডরূপে ইন্টাম্প করা।,,

(১০) কোন নিদর্শনপত্র সম্পাদিত বা প্রথম সম্পাদিত হইবার কালে তংপ্রতি ত্রি-টিম ভারতবর্ষে যে আইন বর্ত্তিত সেই আইন অসুসারে সেইনিদর্শনপত্র ইন্টাম্প কবা হইলে বা তদমুখাত্মি কোন ছাপা ইন্টাম্প যুক্ত কাগজে লেখা গেলে তাহা "নিয়মিতরণে ইন্টাম্প করা, গিয়াছে বুঝিতে ছইবে।

" বল্টনপত্র। "

(১১) যে নিদর্শনপত্রজমে কোন সম্পত্তির সহস্বাদিরা আপনাদের মধ্যে সেই সম্পত্তি বিভাগ করেন কিহা করিতে সম্মত হন "বর্ণনি পত্র, শব্দে সেই নিদর্শনপত্র বৃথাইবে রাজস্ব সম্পর্কীয় কর্তৃপক্ষের বর্ণন করিবার চূড়ান্ত আদেশও উক্ত শব্দেবাচ্য।

(১২) 'ভোগামুমতি পত্ৰ,, শব্দে স্থাবর সম্পত্তির ভোগামুমতি পত্ৰ এবং নিম্ননিধিত লিপিগুলিও বুঝাইবে

(ক) পাট্টা ও

়ু "ভোগানুমতিপত্র। 🕠

(थ) शांडांत्र कत्नित्रक नग्न अमन (व कत्-

নিয়তি বা অস্তত্ত্ব নিপিহারা স্থাবর কোন। প্রমিদরি নোট পাওয়া ফীরুত হয় কিয়া কর্জে সম্পত্তি অংথান কি অধিকার করিবার কি তক্ততে খান্ডানা দিবার বা অপুণ করিবার অন্ধীকার করা যায় ভাচা,

- (গ) যে লিপিবারা কোন গ্রান্তারের টোল ইজারা দেওয়া যায়, ভাষা, ও
- (ঘ) ইমারার জন্ম প্রথমা করিলে ভাছা আছ হইন প্রার্থনাপত্রের উপর এইরূপ যাহা কিছু লেখা হয়, ভাহা।

"तलकीशद्ध।,,

(১০) या निष्णंनश्चक्रम कर्द्वयकाश य है।को एमध्यो पाल यो एमध्यो याहेरत लाह কিখা বর্ত্তমান কিউভেরকানীন কোন আনের টাকা স্তর্ফা করিবার জন্মে কিয়া কোন অন্ধী-कांत शासन समिक्ष कविवात जता, निर्मित्र 🕶 🕶 विवादश्व छेशनरक अथवा। কোন সম্পত্তি সম্বন্ধে কোন ব্যক্তি কোন স্বত্ত काना करिएक वा काशात अनुकृत्य श्छा छुत् ৰা সৃষ্টি কলিলে "বন্ধকীপান্তঃ, শধ্ৰে সেই নিদৰ্শনপত্ৰ ব্যায়।

" 本打7四1,,

(लया गाँछ, साहै स्वतान कांधा।

" विभागन।,,

(১৫) কোন আজি প্রিমিয়ে অর্গাৎ निध्नाधीन अधिन है। है। है। है। है। है। পত্তি অন্ফিত জি অনুভাবিত ঘটনাদারা সম্ভাৰিত ক্ষতি কি ছানি কি দায় হইতে অন্য বংক্তির ক্ষেমপ্রতিবিধান করেন " বিমাপত্র 🕠 मस्य भिर्म निपर्भनश्च तुताहिस्य।

ইহাতে জীবদের বিমাপত্রও বুষাইবে। " মোধ্ভারনামা।,,

(১৬) আদলেভের রস্ত্র বিষয়ক স্বাম্যিক প্রচলিত গাইনক্রমে মাস্ব্রেগ্যেলতে এরপ যে লিপিছারা কেছ কোন নিন্দিট ব্যক্তিকে আপনার পক্ষ হইয়া কর্মা করিতে ক্ষমতা দেন ''মোণ্ডারনামা,, খানে সেই লিপি বুকা-₹(d)

" दुर्भी है। ,,

(५१) य कोन यस्ता कि मर्यक्षिकविधि। কি লিখন কি বিজ্ঞাপনপত্রদ্বরো ক্রেল টাকা ; कि "बिस अक अकुमरह्ळा, कि हाकि कि

শোধোপদক্ষে কোন অস্থানর সম্পত্তি প্রাপ্তি স্বীকৃত হয়, কিন্তা কোম খণ কি দাওয়া অথবা খাণের কি দাওয়ার কোন অংশ নিষ্পত্তি হওয়া কি চকিয়া যাওয়া কি শোধ হওয়া স্বীকার করা যায় অনবা ঘাচার অর্থেবা মর্গে উক্ত মত স্বীকার জ্ঞান করা যায় সেই লিপিতে কোন ব্যক্তির নামের স্বাক্ষর থাকুক বা মা থাকুক, ''রসীদ্ধ, শব্দে ভাহা বুঝাইবে I

" ७३१भील।,,

০১৮) 'ভিক্সীলন, এই শব্দে এই **আইলের** সংগ্ৰু ভফ্দীল নুঝাইবে।

" নিরপণপতা।,,

(১৯) मिक्रशनकात्री

(थ) जीव शत्रिवादत्त्र मरधा कि गीक्शासित উপায় করিয়া দিতে ইচ্ছা করেন ভাঁচাদের মধ্যে সম্পত্তি বিভাগ করিবার অভিথায় कविष्ठा अथवा

(१) भवार्थ वा शरताश्वकातार्थ व्यस्ति েছে। ''কাগজন, শক্তে বেল্ম কি পার্চ মেন্ট ! বিনিয়োগ ভিন্ন অন্য কোন শিখন দ্বারা স্থাবিত্র কিন্তা অন্য যে জবেন্ত্র উপত্য নিদর্শনপাত্ন কিজ্ঞান্তানত সম্পতি ইন্ডান্তর করিবার নিয়ম করিলে ''নিরাপণপত্র, শব্দে সেই লিপি तुनाईरन ।

> উজ্জল 'নয়ম করিবার লিখিত শঙ্গীকারও (महेशाक वाहा।

> > ''खनगान।,,

(२०) इतनभेश मिश्रा मञ्चा ना मन्भिष्ठि दहेगा गहितात छेत्यत्य द्य बञ्च निर्माष रूप "जनगान,, गटक ८मरे बसु दूरा^{हे}र्दि।

" লিখিড ,, ও " লিপি । ,,

(২১) কাগজে যে জ্রেন চিচ্চদ্বারা শব্দ কি অর প্রকাণ করা যায়, ''লিখিড্য, ও''লিপি'' এই এই শবে ঐ চিচ্চ दुरादित। ভদসীল আইনের অন্ধন্ধরূপ গ্ণ্য হইয়া

शांठे कब्रिबाद कथा।

8 भारत । एकमीन ७ उपचर्गछ योग किङ् আছে गकतरे এই आर्ट्सिड अन्नयंत्री आन कड़ियां भारत करा चालेटन ७ एउक्रम कथेल करा गः६८व ।

দ্বিতীয় অধ্যায়।

ষ্ট্যাম্পের মাসুল বিষয়ক বিধি। ক—নিদর্শনপত্রে ইষ্টাম্পের মাসুল লাগিবার কথা।

যে যে নিদর্শনপত্ত শাস্কলযোগ্য ভাষার কথা।

৫ ধারা। দ্বিতীয় ওফদীলের লিথিত বর্জিত হল ভিন্ন উপযুক্ত মাসুল বলিয়া প্রথম ওফ-দীলে যে নিদর্শনপত্রের যৎপরিমিত মাসুল নির্দ্দিষ্ট আছে নিম্নলিথিত নিদর্শনপত্রগুলি তৎপরিমিত মাসুল যোগ্য হইবে।

- (ক) প্রথম তক্সীলের উল্লিখিত যে প্রত্যেক মিদর্শনপত্ত কোন ব্যক্তিক ভূক কিছিল।

 সম্পাদিত না হইয়া ব্রিটিষ ভারতবর্ষে ১৮৭৯
 সালের এপ্রেল মাসের প্রথম দিবসে কি তৎ-পরে সম্পাদিত হয় তাহ ,
- (খ) যে যে বিল অফ একুসচেপ্ত কি চ্যাক কি প্রমিসরি নোট সেই দিবসে কি তৎপরে ব্রিটিস ভারতবর্ষের সীমার বাহির কোন স্থানে লেখা কি করা যায় ও ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে কোন স্থানে সাকরান হয় কি ভাহার টাকা দেওয়া যায় কি সাকরাইবার কি টাকা প্রাণ্ডির নিমিত্ত উপস্থিত করা যায় কিম্বা যাহার পৃষ্ঠলিপি হয় কি যাছা হস্তান্তর করা যায় কি প্রকারাস্তরে ক্রেবক্রেয় হয় তাহা ও
- (গ) (বিল অফ এক্সচেপ্ত কি চ্যাক কি প্রানিসরি নোট ভিন্ন) প্রথম ভফসীলের লিখিত যে নিদর্শনপত্র উক্ত দিবসে কি তৎপরে কোন ব্যক্তি কর্ত্বক পুর্বের সম্পাদিত না হইয়া ব্রিটিষ ভারতবর্ষের ক্রীমার বহিভুত কোন স্থানে সম্পাদিত হয় ও ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে কোন সম্পত্তির কিন্তা যাহা করা গেল কি করা যাইবে এমন কোন কার্য্যের সঙ্গে সম্পর্ক রাথে ও ব্রিটিষ ভারতবর্ষ মধ্যে গৃহীত হয় তাহা।

এক এক ব্যাপারে ভিন্ন ভিন্ন লিপির ব্যবহার হইলে তাহার কথা। `

৬ ধারা। বিজয় কি ভোগাসুমতি কি বন্ধকী কি নিরূপণপত্রসম্পর্কীয় কোন ব্যাপার সমাধা করণার্থে ভিন্ন ভিন্ন নিদর্শনপতের ব্যবহার হবল প্রথম ওক্সীলমতে সমর্পণ কি ভোগাসুমতি কি বন্ধকী কি নিরপণপত্তের নিমিত্ত
ঘে মাসুল নির্দ্ধারিত আছে উক্ত নিদশনপত্রের মধ্যে যেটি মুখা কেবল ভাহারই উপর
সেই মাসুল লাগিবে। উক্ত ভফ্সীলমতে অভ্য
নিদর্শনপত্তে যে মাসুল নিদ্দিট খাকুক, তাহার পরিবর্ত্তে উক্ত প্রত্যেক নিদর্শনপত্তে এক
টাকা মাসুল লাগিবে।

উক্ত নিদর্শনপতের মধ্যে কোনুটি এই ধা-রার কার্যাপকে মুখ্য বলিয়া গণ্য হইবে। পক্ষেরী ইছা জির করিবেন।

> ভিন্ন ভিন্ন বিষয় সংক্রীয় নিদর্শন পতের কথা।

৭ ধারা। কোন এক নিদ্র্নপুত্র ভিন্নই ডিম্মসম্বন্ধীয় হুইলে এই আইনমতে সেইই বিষয়ের পৃথকই নিদর্শনপত্তে যে যে মাসুল লাগিত তাহার মোট মাস্থল উক্ত নিদর্শনপত্রে লাগিবে।

কোন,লিপি ভফসীলের ভিন্ন ভিন্ন বর্ণনার মধ্যে ধারতে পারিলে ভাহার কথা।

এই ধারার প্রথম প্রকরণ নিদ্দিন্ত স্থা ভিন্ন প্রথম তফসীলভুক্ত ছুই কি তদাধক বর্ণনার মধ্যে ধরা যাইতে পারে কোন নিদর্শনপত্র এমন ভাবে লেখা গেলে সেই সেই বর্ণনার উল্লিখিত হারের পরস্পার বিভিন্নতা থাকিলে উক্ত নিদর্শনপত্রে অত্যুক্ত যে হার তাহাই দেওয়া যাইবেং কিন্তু যে মাস্কলযোগ্য নিদর্শন পত্রের উপাযুক্ত, মাস্কল প্রদত্ত হইয়াছে তাহার অত্নিপি বা দোকর লিপির উপার এই প্রক-রণের কোন কথা দ্বারাং এক টাকার অধিক মাস্কল লাগিবে না।

> ইফ্টাম্পের মাস্থল হ্যান কি ক্ষমা করিবার ক্ষমভার কথা।

৮ ধারা। মন্ত্রিসভাধিষ্টিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গোজেটে আজা প্রকাশ পূর্বক

(ক) ব্রিটিষ ভারতবর্ষের সমস্ত স্থানে কিম্বা কোন ভাগে কোন নিদুর্গুনপাত্তের কিম্বা বিশেষ কোন শ্রেণীগত নিদশনপাত্তের কিম্বা ঐ শ্রেণীগত কোন কোন নিদশনপাত্তের কিম্বা যে নিদশত্বপত্র বিশেষ কোন শ্রেণীগত ব্যক্তি-দের ছারা বা অমুক্রনে সম্পাদিত হয় কিম্বা থে শ্রেণীগত বিশেষ কোন ব্যক্তির দারা বা অনুক্লে সম্পাদিত হয় সেই নিদর্শনপত্তের যত মাসল নির্দ্ধারিত আছে তাবি কি ভূত কালের অর্থাৎ এই স্থায়ের মধ্যে যে কাল সম্পর্কে হউক তাহা ভূান কি ক্ষমা করিতে পারিবেন, ও

(খ) এতংক্রমে যে ক্ষমতা দত্ত ইইয়াছে । তাহা যত দূর ব্যাপ্ত হয় তত দূর তিনি উক্ত । আজ্ঞা রহিত কিম্বা পরিবর্ত্তিত করিতে পারি-বেন।

থ।—ইন্টাম্প ও তাহার ব্যবহার করিবার নিয়মের কথা।

> মাত্রল যে এইকারে দেওয়া যাইবে ভালার কথা।

মধারা। এই আইনে প্রকারান্তরের ক্রিক্টেক্টেক্ট্রা ঘাইতে না পারে। শেষ বিধান না থাকিলে কোন নিদর্শনপত্তের এবং কেচ আঠাল ইফ্টাম্প উপর যে মাত্রল লাগিতে পারে, তাছা

- (ক) এই আইনের বিধানাতুসারে অথবা
- (থ) এইরূপ বিধান না বর্ত্তিলে মন্ত্রিসভা-ধিষ্ঠিত জ্রীযুত গ্রণ্র জেনরল সাহেব বিধি করিয়াযে আদেশ করেন ওদকুসারে

ইন্টাম্প দারা দেওয়া যাইবে, আর দেই ইন্টাম্প নিদর্শনপত্তে বসান গেলেই মাসুল যে দেওয়া গেল ইছার চিচ্ন্সরপ প্রকাশপানিবে। এই ধারানুসারে যে স্কল বিধি প্রণয়ন করা যাইবে, তল্মধা অন্যান্য বিষয়ের সঙ্গে পশ্চা-. জিখিত বিষয়ের নিয়ম থাকিতে পারে,

- (১) প্রভ্যেক প্রকারের নিদর্শনপত্তে কিরপ ইন্টাম্প ব্যবস্থাত হইতে পারিবে,
- (২) যে সকল নিদর্শনপত্রে ছাপা ইন্টাম্প লাগান যায়, যভ সংখ্যক ইন্টাম্প ব্যবস্থাত - হইতে পারিবে
- (৩) ত্তীযে কাগজে লেশা যায়, তাহার কি আয়ুত্দ হইবে।

জাটাল ইফাচ্পের ব্যবহার করিবার কথা।
১০ ধারা। নিম্নালাথত নিদশনপত্র স্বাটাল
ইফাচ্প দিয়া ইফাচ্প করা যাইতে পার্বিবে, ভর্মাৎ

(ক) চাহিবামাত্র পরিশোধনীর নহে এবং ভিন্ন ভিন্ন দেটে লিখিত এরপ বিল অফ এক্স-চেপ্লের অংশ ভিন্ন যেব নিদর্শনপত্তে এক আলার মাসুল লাগিতে পারে ডাহা, ও

- (ধ) ব্রিটিৰ ভারতবর্ষের বহিছুতি স্থানে যে২ বিল অফ এক্সচেঞ্জু কি প্রমিস্রিনোট শেখাকি করা যায় ভাষা, ও
- (গ) কোন হাই কোটের তালিকায় আড-ভোকেট, উকিল বা আটার্বির মাম লিখন,ও
 - (ঘ) মোটরী সম্প্রকীয় কার্যা, ও
- (ও) সাধারণ কোম্পানি কি সমাজের শ্রারের পৃষ্ঠলিপি দারা যেহস্তান্তরপত্ত হয়, তাহা।

আটাল ইন্টাম্প অকর্মণ্য করিবার কথা।

১১ ধারা। কেহ কোন ব্যক্তির সম্পাদ
দিও মাসল্যোগ্য কোন নিদর্শনপত্রে আটাল
ইন্টাম্প বসাইলে, বসাইবার সময়ে এমন করিয়া অকর্মণ্য করিবেন, খেন ভাছা পুনর্বার

এবং কেছ আঠাল ইফ্টাম্পযুক্ত কাগজে কোন নিপি সম্পাদন করিলে যদি পূর্ব্বোক্ত প্রকারে উক্ত ইফ্টাম্প অকর্মনা করা না গিয়া থাকে উক্ত নিপি সম্পাদন কালে ঐ ইফ্টাম্প এমন করিয়া অকর্মণা করিবেন যেন তাহা পুনর্ববার ব্যবহার করা যাইতে না পারে।

আটাল ইন্টাম্প পূর্বব্যবহারাযোগ্য রূপে অক্ষান্য করা না গেলে কোন নিদর্শনপত্রে তাহা বসান থাকিলেও উক্ত ইন্টাম্পের সঙ্গে যত দূর সম্পর্ক থাকে তও দূর সেই নিদর্শন-পত্রে ইন্টাম্পে বসান যায় নাই বলিয়া জ্ঞান করিতে হুইবে:

ছাপা ইফ্টাম্পাব্বক্ত নিদর্শনপত্র যেমতে লিখিতে হুইনে ভাচার কথা।

২ ধারা। ছাপা ইফীম্পাযুক্ত কাগঞ্জে লিখিত প্রক্রেক নিদর্শনপত্তি এমন করিয়া লেখা যাইবে যেন নিদর্শনপত্তের উপরিভাগে ইফীম্পা প্রকাশ থাকে ও অন্য কোন নিদর্শনিপত্তে ব্যবহার করা কি লাগান যাইতে না পারে।

अकरे रेके प्लिकाशस्य क्वर अकरे निवर्णनेशक स्था शास्त्रकात कथा।

১০ ধারা। মাসুলঘোগ্ত কোন নিদর্শনপত্র যে ইন্টাম্প কাগজে লেখা থাকে মাসুলঘোগ্ত বিভীয় কোন নিদর্শনপত্র সেই কাগজে লেখা যাইবে লা। কিন্তু যে নিদর্শনপত্র ঘারা কোন স্বভুক্ষে বা প্রমাশীকৃত হয় সেই স্বভু হস্তান্তর করিবার সানসে কিন্তা ভজ্জপে সে টার্লা বা মালের আদায় বা অর্পনের কথা থাকে সেই
টাকা বা মালের প্রাপ্তি ত্বীকারার্থে নিয়মিতরূপে ইন্টাম্পয়ক্ত, অথবা মামুলযোগ্য নহে
এরপ যে পৃষ্ঠলিপি করা যায় এই ধারার কোল
কথায় তাহা নিষিদ্ধ হইতেছে না।

২২ ও ২০ ধারার বিকচ্ছে লিখিত নিদর্শনপত্র ফ্যাম্পা শৃখ্য বলিয়া . বাব্য ক্ইবার কথা।

১৪ ধারা। ছাদশ বা ত্রোদশ ধারার বিক্তে লিখিত প্রভ্যেক নিদর্শনপত্র ইন্ট্যাম্প শুন্য বলিয়া গণ্য ছইবে।

नाक कहालब कथा।

১৫ ধারা। কোন নিদর্শনপত্রে যে মাসুল দেওয়া হইয়াছে ভাষা না জানা পর্যান্ত বর্ত্তনান কোন নিদর্শনপত্র যন্ত মাসুলের ক্রেন্ড্রুড়ে মুক্ত কি না কোন হেতুতে ইহা নির্পন্ন করা যাইতে না পারিলে কালেন্ট্রর সাহেবের নিকট এনতং াক্ষে নিথিত প্রার্থনা করিয়া উভয় নিদর্শনপত্র উপস্থিত করা গেলে মাজিসভাধিষ্ঠিত প্রায়ুত গবর্ণর জেনরল সাহেব্রিধি করিয়া যে নিয়ম করেন প্রাগ্রুক্ত নিদর্শন পত্রে যে মাসুল দেওয়া হইয়াছে শেষোক্ত নিদর্শনপত্রে সেই নিয়্মান্ত্র্সারে ভাষা যাক্ত

গ।—নিদর্শনপত্তের উপর ইঞ্চাম্পাবসা-ইবার সময়ের কথা।

> ব্রিটিয ভারতবর্যে সম্পাদিত নিদর্শনপত্রের কথা।

১৬ ধারা। ব্রিটিয ভারতবর্বে সম্পাদিত যে-যে নিদর্শনপত্র মাস্থলযোগ্য তৎসম্পাদনের পুর্বের বা সময়ে তাহা ইফ্টাম্পাযুক্ত করা যাইবে।

বিল ও চ্যাক ও নোট ভিন্ন অন্যান্য যে
নিদর্শনপত্র ব্রিটিখ ভারতবর্ষের
বহিত্বত কোন স্থানে সম্পান দিও হয় ভাহার কথা।

১৭ ধারা। বিল অফ এক্সচেঞ্জ কি চ্যাক কি প্রমিসরি নোট ভিন্ন ব্রিটিষ ভারতবর্ষের বহিভুতি কোন স্থানে সম্পাদিত যে নিদর্শন পত্রে উক্ত প্রকার মাসুল লাগিবে তাহা ব্রিটিষ ভারতবর্ষের মধ্য কোন স্থানে প্রধম প্রাপ্ত হই-বার পর তিন মানের মধ্যে ইফ্টাম্প করা যা-

ইতে পারিবে, কিম্বা সেইরূপ নিদর্শনপত্রের
নিনিত যে বিশেষ প্রকার ইন্টাম্পের প্রয়োজন
তদ্দুটো তাহা সামান্য কোন ব্যক্তি দ্রারা
রীতিমতে ইন্টাম্পা করা যাইতে না পারিলে
তাহা উক্ত তিন মাসের মধ্যে কালেক্টর সাহে-বের নিকট লইয়া যাওয়া বাইতে পারিবে।
আর মঞ্জিসভাধিন্নিত জাবুত গর্বের জেনরল মাহেব বিধি করিয়া যে নিয়ম করেম কালেক্টর
সাহেব সেই নিয়ম পালন করিয়া নিদশনপত্র
উপস্থিতকারি বাঁজি যত মূলোর ইন্টাম্পা চাহিয়া মূলা দেন তত স্লোর ইন্টাম্পা বসাইয়া
দিবেন।

গে ৰিল ও চ্যাক ও নোট ব্রিটিয ভারত-বর্ষের বহিভূতি কোন স্থানে লেখা যায় ভাষার কথা।

১৮ ধারা। বিটিষ ভারতবর্ষের বহিচুতি কোন ছানে যে বিল অফ এক্সচেঞ্জ কি চার্ক কি প্রমিন্ধর নোট লেখা বা করা যায় বিটিষ ভারতবর্ষের মধ্যে প্রথম যে ব্যক্তি ভাষা ধারণ করেন বিটিষ ভারতবর্ষের মধ্যমন্তি কোন ছানে ভাষা সাকরাইবার কিয়া ভাষার টাকা ভাষার করিবার অন্যে উন্তির করণের কি পূর্তার্গি করবার বিল যেই প্রে উপযুক্ত ইউপের ব্যাইয়া জন্মন্ত্রা করাইয়া জন্মন্ত্রা করাইয়া

বিস্ত এ বিন কি চাকে কি নেটে ব্রিটিষ ভারতবর্ধের মধ্যে গেই প্রথারি কোন কাজির হাতে আদিবার সময়ে ভাছাতে উপযুক্ত আটাল ইফাম্প কাগান থাকিয়া

১১ ধারামতে অকর্মনা করা গেলে আর এই
আইনজ্রমে যে ব্যক্তি ভারা ও যে সমরে উক্ত
ইক্তাম্পা বসান ও অকর্মনা করান উঠিত ছিল
ভাষা সেই ব্যক্তি ও সেই সময় ভিন্ন অস্ত
কোনমতে ৰসান কি অকর্মনা করান নিরাছে
পত্রধানির এমন হিমাস করিবার কারণ না
থাকিলে সেই ইক্তাম্পা উক্ত পত্রধারির সঙ্গে
যত দূর সম্পর্ক রাখে তত দূর নিয়মিতরূপে
বসান ও অক্সাণ্য করান বলিয়াভান হইবে।
কিন্ত কোন হাজি ইফ্টাম্পা বসাইবার কি অক্
মণ্য গ্রাইবার বিষয়ে ক্রটি করিয়া দণ্ডের
বোগ্য হুইলে ভিনি এই বিধানের কোন কথার
বলে সেই দণ্ডহুইতে মুক্তি পাইবেন না।

গ — মাস্তলপক্তে মুম্রাবিশেষের যুক্ত মির্নিয়ের কথা।

বিশেষ কোন মুদ্রান্তে মূঞ্জনির্বয়

করিবার কথা।

১৯ ধারা। মৃত্যপরিমিত মাস্থলগোগ্য কোম নিদর্শনপত্তের মৃত্য পৌও ফলিং কি করেসি পৌও কি ফাঙ্ক কি ভলরে ব্যক্ত হইলে বিটিষ ভারতবর্ষের প্রচলিত মুদ্রামতে প্রথ মুদ্রার মৃত্য নিম্নলিখিত ছারাজুদারে কিরীক্ষত হথি। সেই নিদর্শনপত্তের উপর ভদকুষারে মাস্তর লভ্যা যাইবে। সংগা

্ এক পৌণ্ড **ই**র্নিং কি**য**়করে**ন্সি পৌণ্ড** দশ টাকার তুঞ্জ।

এক শত সূবার চলিশ টাকার ছুল্য। মেক্সিকো ফিখা চীন দেশীয় এক ভল্য 🙀 টাকা চারি আলার ভুল্য।

অন্থ বিদেশীয় মুন্তার মৃত্য দিশ্র করিবার কথা।

২০ ধারা। অন্থ কোন ভিন্ন দেশের কি উপনিবেশের চলিও মুদালক্ষ্য করিয়া যদি কোন নিদর্শনপজের উপার দেই মুজার দ্রু পরিমিত ইফ্টাম্পের মান্তল লাগে, তবে উক্ত নিদর্শনপজের তারিথে বিটিষ ভারতবংগির মধ্যে ঐ মুদ্রা যে দীরে বিনিমীর করা যায় ভাহাই ঐ মুজার মুগু ধরিয়া ভারত্মশারে ঐ মান্তল ধার্য হইবে।

ফীক ও ক্রেয় বিক্লের সিক্লারিটীর দূল। নির্পাণের কথা।

২> ধারা। কোন মৃত্য সম্পত্তি কি ক্রেয় বিক্রেয় সিকারিটী সম্পাকীয় নিদর্শনপত্তের ইন্টাম্পের মাজন মৃত্যাতুসারে ধরিতে কইলে, ঐ নিদর্শনপত্তের তারিধে ঐ মূল সম্পত্তির কি সিকারিটী গড়ে যে মৃত্য হয় ওদতুসারে ইন্টাম্পের মাজন ধরিতে কইবে।

বিনিময়ের হার বা গড় দৃষ্ঠা ব্যক্ত থাকিবার কলের কথা।

২২ ধারা। মুদ্রার বিনিষয় যে হারে হিইরা থাকে তাহার, কিন্তা স্থল বিশেষে গড় মুলোর কোন বর্ণনা নিদশনপত্রে লেখা থাকিলে, ও সেই বর্ণনামুদারে ঐ নিদশনপত্রের ইট্টাম্প দেওয়া গেলে, যাবং ভদ্বিপরীত প্রমাণ না পাওয়া যায় ঐ বর্ণনার ভাংগর্হের সঙ্গে যড়

দূর সম্পর্ক আছে তত দূর সেই মিদর্শনপত্তে উপযুক্ত ইক্তাম্প দেওয়া হইন্নাছে বলিয়া জ্ঞান করা যাইবে।

> যে পত্তের ছার[।] সদের নিষম কর। যার ভাষার কথা।

২০ ধারা। কোন নিদুর্শনপত্তের নির্মের মধ্যে যদি সাদ নিবার স্পাট বিধান থাকে ভবে ভাহাতে স্থানের কথা উল্লেখ না গাকিলে যভ মাধাল লাগিত স্থানর নির্মাথাকিলেও ভদধিক লাগিবে না।

গ্রান পরিলোধার্থ অথব' উত্তরকালে টাকা দিবার নিয়মগুক্ত হস্তান্তর-পত্রের মাজল যে প্রকারে ধরা ঘাইবে ভাষার কথা।

শহিক করি। কোন ব্যক্তির প্রতি উ।হার সনুন্য কি সংশাতঃ পাওনা টাকাপরিশোধার্থ কোন সম্পত্তি হস্তান্তর করা গেলে কিছা সেই সম্পত্তির উপর দায়স্থরণে হউক বা নাই হউক কোন টাকা কি ফাক স্পান্টতঃ কি অনুস্তাবভঃ দিবার কি হস্তান্তর করিবার নিয়ম সহিত সম্পত্তি হস্তান্তর করা গেলে গে মুলোা-প্রসংক্ষান্তরপত্রের মুলা পরিমিন্ড মামুল ধরা যায় উক্ত খন কি টাকা কি ফাক সেই সমুদ্য মূল্যস্বরূপ অথবা স্থলবিশেষে ভাহার অংশস্বরূপ গণা চইবে।

> ৰাৰ্দ্ৰিক র্ভি প্রভৃতির **পক্ষে** মূল্য ধ্রিবার কথা।

২৫ ধারা। কোন নিদর্শনপত বার্থিক রাজি কিল্পা নির্মাণিত সময়েহ দেয় অনা টাকা দিনার প্রাভিত্যক্রণে করা গেলে কিল্পা যে বার্থিক রাজি কি অন্য টাকা নির্মাণিত সময়েহ দেয় ভাচা সমর্পন্পত্রের উল্লিখিত প্রশাসক্রপ হইদে, এই আইনের কান্যাগালে ঐ নিদর্শনিপার যে টাকার প্রভিত্যরূপ হয় সেই টাকা অথবা স্থাবিশেবে ঐ সমর্পন্পত্রের পান্তের টাকা হারা,

- (ক) টাকা শির্দ্ধিন্ট কালের শিষিত্ত দে, হওয়াতে মোট যত টাকা দিতে চইবে তা অগ্রিম শির্ণয় করা বাইতে পারিলে উক্ত বে টাকা বুঝাইবে ? আরু
- ্থ) উক্ত টাকা চিরকালের মিনিত অংগ নিদর্শনপাত্র কি সমর্পাশপারের ভারিখে বর্ণ

কোম ব্যক্তির আয়ুংখেবে দীমান্ত নৰে এমত কোম অনির্দ্ধিন্ত কালের মিমিত দেয় বইলে উক্ত নিদর্শনপাত্রের কি সমর্পণপাত্রের উল্লিখিত নিযমানুসারে সেই নিদর্শনপাত্রের কি সমর্পণ-পাত্রের ভারিখের অব্যবহিত পারে ২০ বৎসারের মধ্যে গে মোট টাকা দেয় বইবে কি কুইতে পারিবে তাকাই বুরাইবে; আর

(গ) औ सिमर्गमश्र कि ममर्शनश्र मण्या-प्रत्मव छोतिथा वर्जगाम कान वाक्तित आयुः भाष करेलारे प्य कान्छ भाष करेल छेक छोका श्रामिक्सि अमन कान कालात निम्छ एम्य करेला. औ सिमर्गमश्राद्धत कि ममर्शनश्राद्धत छोतिथात श्रामिक श्रामिक श्रामित एम्य करेल कि एम्यापिक छोका छोकारत एम्य करेल कि करेल शांतिरव छोका त्राहित।

নিদৰ্শনপৰে উল্লিখিত বিষয়ের মূল্য নিৰ্দ্ধা-রিত লা চইলে ইন্টা: পাবসাইবার কথা।

২৬ ধারা সম্পাদনের বা প্রথম সম্পাদনের তারিখে মূল্যপরিমিত মামুলগোগ্য নিদর্শন পারের টাকা কি বি'ষের মূল্য যদি নির্ণর করিকে না পারা যায়, অথবা (এই আইন প্রবাদ চইবার পুর্মে সম্পাদিত ইইয়াছে বলিয়া) না পারা মাইত, তাহা হইলে যেইমীম্পা বাবছ ছইয়াছে, তাহা সম্পাদনের তারিখে উক্ত প্রকারের কোন নিদর্শতে নির্দিট অতাধিক যত টাকা বা মূল্যের জ্ঞান্ত তাক্ত জান করা যায় তত টাকা বা মূল্যের জ্ঞান্ত ক্রের সেই নিদশনগত্রবলে দাওরা করা যাইবে না!

निष्ठभाष्ट्रा साञ्चन नम्प्रोकीं द विष्यु উল্লেখ कविवाद कथा।

২৭। যদি পণ থাকে ভাহা এবং যে সকল রত্তান্ত ও অবস্থা দ্বারা কোন নিদর্শনপত্তের মাসুল যোগ্যতা বা মাসুলের পরিমাণ নির-পিত হয় সেই সকল, সম্পূর্ণ ও প্রকৃতরূপে নিদর্শনপত্তে লিখিত হইবে।

সমর্পণপত্র বিশেষে মাসুল দিবার আদেশের কথা।

২৮ ধারা। (ক) সমুদয় সম্পত্তি কোন এক মূল্যে বিক্রয় করিবার চুক্তি হইয়া বিক্রেডার নিকট ভিন্ন ভিন্ন নিদর্শনপত্র দারা ভিন্ন ভিন্ন ধণ্ডে সমর্থণ করা গেলে পক্ষেরা যক্রপ বিহিত

জ্ঞান করেন মূলেরে টাকা তদ্ধপ বংশাংশ করা সাইবে তাহাতে পৃথক পৃথক খণ্ডের সম্পর্কে পৃথক পৃথক যে সমর্পণপত্র করা যার সেই সেই থণ্ডের মূল্যের টাকা সেই সেই পত্রে লেখা যাইবে এবং সেই পৃথক পৃথক মূল্যের সম্বান্ধ মূল্য পরিমিত যে মান্দ্রলাগে ভাহা সেই২ সমর্পণপত্রে লাগিবে।

(খ) ছই কি ভদ্ধিক ব্যক্তি একত্র হইয়া
কিন্তা কোন এক ব্যক্তি আপনার ও অন্যাদের
পক্ষে অথবা স্থক্তী অন্যাদের পাক্ষে কোন এক
মুল্যে মোট কোন সম্পত্তি ক্রয় করিবার চুক্তি
করাতে মোট মুল্যের পৃথক পৃথক অংশ দিয়া
ঘাঁহারা ক্রয় করিযাছেন অথবা ঘাঁহাদের পক্ষে
ক্রয় হইল সেই সম্পত্তি তাঁহাদের প্রতি পৃথক
করা গেলে যে সমর্পণপত্রে যে পৃথাগংশের
মূল্য নির্দ্ধিট থাকে সম্পত্তির পৃথক থণ্ড সম্প্র কর্মির সেই সমর্পন্পত্রে মূল্য পরিমিত সেই
মাস্কল লাগিবে।

(গ) কোনবাক্তি কোন সম্পত্তি কর করিতে চুক্তি করিয়া তৎসংক্রান্ত সমর্পণপত্ত না পাইয়াও অপর কোন ব্যক্তির নিকট বিক্রয় করিবার চুক্তি করিলে আর তৎপ্রযুক্ত সেইসম্পত্তি
তৎক্ষণাৎ সেই অধীন কৈতার প্রতি সমর্পণ
করা গেলেমুখ্য কেতা অধীন ক্রেতার নিকট
গে মূল্যে বিক্রয় করিলেন সেই মূল্যের প্রতি
লক্ষ্যা করিয়া সমর্পণপত্তের মূল্যপরিমিত মাস্থল
ধরা যাইবে।

(घ्) কোন বাক্তি কোন সম্পত্তি ক্রয় করিবার চুক্তি করিয়া সমর্পনিপত্ত্বনা পাইরাও সেই
সম্পন্ন সম্পত্তি অথবা তাহার কোন অংশ
অপর বাক্তির কি বাক্তিদের নিকট বিক্রয়
করিবার চুক্তি করিলে আর তৎ প্রযুক্ত সেইসম্পত্তি মুখা বিক্রেডা ঘরো ভিন্ন ভিন্ন ভারা বাক্তি।
দের প্রতি অংশমতে সমর্পণ করা গেলে মুখা
বিক্রয়ের টাকার কি মূল্যের প্রতি লক্ষ্য না
করিয়া অধীন ক্রেডা যে যে মূল্যে যে যে থও ক্রয় করেন সেই মূল্য দ্ফেই সেইং থতের সমপ্রপত্তে মূল্যপরিবিত্ত মান্দ্রল ধরা ঘাইবে
আর অধীন ক্রেডারা সর্বস্ক যত মূল্য দিয়াছেন ভার্ছা মুখ্য বিক্রয়ের মূল্য হইতে বাদ
দিয়া অভিরক্তি যে টাকা থাকে উক্ত সম্পত্তির জনশিত কোন সম্পত্তি থাকিলে সেই অবশিষ্ট সম্পত্তির নিমিত্ত মুখ্য—ক্রেডাকে যে সমর্পণ-পত্ত দেওরা যায় সেই অতিনিক্ত টাকা দৃত্টেই সেই সমর্পণপত্তের মূল্যপার্থিত মংস্থল ধরা যাইবে।

কিন্তু শেষোক্ত সমর্পণপতের ইফীন্সোর মাসুল কোম ক্রমে এক টাকার ত্যানছইবে না,

(৪) অধ'ন কোন কেতা যে মূলো নিজ বিকেতার স্বার্থ ক্রয় করিয়াছুল সেই মূলা পরিনিত শাস্ত্রের নিয়মিত ইন্টান্সযুক্ত সম-প্রপত্র বান্তব প্রাপ্ত হইলে পর মুখা নিফেতা যদি তাঁহাকে সেই সম্পত্রির সমপ্রণপত্র দেন তবে মুখা বিক্রেতার প্রাপ্ত মূল্যের সম-প্রপত্রে যে মাস্থল লাগিত উক্ত সমপ্রণপত্রে ততুলা মাস্থল লাগিবে। কিন্তু সেই মাস্থল পাঁচ টাকার অধিক হইলেও পাঁচ টাকা লাগিবে।

ঙ।—মাসুল যে পক্ষের দিতে ইইবে ভা-ভাহার কথা।

> নাসুল যে পক্ষের দিতে হইবে ভাহার কথা।

২৯ ধার:। প্রকারান্তরের কোন নিয়ম না থার্কিলে উপযুক্ত ইফীপ্রের মূল্য নিম্নলিথিত ব্যক্তিদের দিতে চইবে, যথা,

- কে) প্রথম তক্ষমীলের ২, ১১, ১০, ১৪, ১৫, ২৪, ২৯, ১০, ৪৪, ৫০, ৫৪, ৫৫, ৫৭ মন্ত্রের ও ৬০ নন্ত্রের (ক) ও (খ) প্রকর-নের উলিখিত নিদর্শনপত্র হইলে যে পক্ষ ভাষা লেখেন কি করেন কি সম্পাদন করেন ভিনিই দিবেন।
- ্ (খ) বিমাপত্র ছইলে, যে পক্ষের ক্ষডি-পুরণের নিয়ম হয়, ডিমি দিবেল।
- (গ) সমর্পণপত্র হইলে, এইডা, ভোগামু-মতি পত্র বা ভোগামুমতিপত্ত সম্পর্কীর নিরম পত্র হইলে, এইডা বা অভিপ্রেড্ এইডা দিবেল।
- (ঘ) ভোগামুমডিপত্তের অসুলিপি হইবে, প্রদাতা দিবেন।
- (৪) বন্টনপঞ্জ হইলে, উনিখিত সম্পা-জিতে যাঁহাদের যে অংশ থাকে তাঁহাঁরা সেই সেই অংশমতে অথবা রাজস্মসংক্রান্ত কর্তৃ-পাকের আদেশক্রমে অংশ বিভাগ হইলে উক্ত

কর্তৃপক্ষ যে পরিমাণ সাদেশ করেল সেই পরিমাণে দিবেল।

- (চ) বিনিময়পত্ত **হইলে, পক্ষেরা সমাংশ** মতে দিবেদ[া] ও
- (ছ) বিক্রয়ের সর্চিফিকেট হইলে, সেই সটিফিকেট যে সম্পত্তির উপলক্ষে হইয়াছে সেই সম্পত্তির ক্রেডা দিবেন।

তৃতীয় অধ্যায়।

इेक्टाम्ल निर्गय कत्रगविषयक विधि।

উপযুক্ত ইন্টাম্প নির্ণয় করিবার কথা।

তি ঘীরা। যাহাতে পূর্ব্বে ইন্টাম্প দেওয়া
চইনাছে কি না হইয়াছে যদি কোন ব্যক্তি
কালেক্টর সাহেবের নিকট অমন কোন সম্পাদিত অথবা অসম্পাদিত নিদশনপত্র আদিয়া
ভাহাতে মাত্মন লাগিলে কত লাগিবে এতবিব্যে তাঁহারে মত জানিবার প্রার্থনা করেন ও
ভাহাতে কালেক্টর সাহেব ছল বিশেবে যে
আদেশ করেন উক্ত ব্যক্তি সেই আদেশমতে
(পাঁচ টাকার অনধিক ও আট আমার অস্থান)
কী দেন, সেই নিশির উপর মাত্মন লাগিলে
যত লাগিবে কালেক্টর সাহেব স্বীয় বিবেচনামতে ভাহা নির্ণয় করিয়া দিবেন;

কালেক্টর সাহেবের চুম্বক প্রমাণ চাহিতে পারিবার কথা।

এবং তিনি সেই অভিপ্রায়ে সেই নিপির
চুম্বক চাহিতে পারিবেন আর তাহাতে মামুল
লাগিবে কি না অথবা কত নামুল লাগিবে ইছা
নির্ণয় করিবার জন্তে যে সকল রক্তান্ত ও
অবস্থা জানা কর্ত্বর তাহা সেই লিপিতে
সম্পূর্ণ ও প্রকৃত রূপে ব্যক্ত আছে কি না ইছা
জানিবার নিম্ত্র যে আফিডেবিট বা প্রমান
নওয়া বিহিত জান করেন তাহাও চাহিতে
পারিবেন এবং যাবং উক্ত চুম্বক ও প্রমান
প্রাপ্ত না হন উক্ত প্রার্থনার পক্তে কোন কিছু
করিতে জানীকার করিতে পারিবেন।

डेशविशान।

কিন্ত এই শারাসুদারে যে এমান দেওয়া বার উক্ত নিশি যত দাসুবের যোগ্য ইহার করু- সন্ধান করণ ভিন্ন সেই প্রমাণ অস্থা কোন দেও
য়ানী কাহ্যপ্রণালীতে কোন ব্যক্তির বিপক্ষে
ব্যবহার করা খাইবে না। আর যে ব্যক্তি
উক্তমত প্রমাণ দেন তৎসম্পর্কীয় লিপির উপর
কম্পূর্ণ যে মাস্থল লাগিতে পারে তিনি ভাহা
দিলে সেই লিপিতে উপরোক্ত রভান্ত কি
অবস্থা প্রকৃত রূপে বাধ্যা করিবার কাটি
করাতে এই আইনমতে যে দণ্ডের যোগ্য
হইয়াছিলেন সেই দণ্ড হইতে মুক্তি পাইবেন।

कारमञ्जेद मार्ट्स्वय मधिकारक है। विवाय कथा।

৩১ ধারা। ৩০ ধারামতে কোন লিপি
কালেক্টর সাহেবের নিকট আনা গেলে, যদি
উাছার বিবেচনায় ভালা মাস্ক্লযোগ্য বোধ
হয় এবং

- (ক) ডাহাডে সম্পূর্ণ মাসুল লাগান আছে কালেক্টর সাহেব ইহা স্থির করেন অথবা
- (থ) কালেক্টর সাংহ্ব ২০ ধারামতে যে
 মাস্ত্র নির্ণয় করেন ভাহা কিয়া লিপির পক্ষে
 ইতঃপুর্বেষ যত মাস্ত্রন দেওয়া হইয়াছিল তাহাতে যত টাকা যোগ করিলে নির্ণীত মাস্ত্রের
 পরিমাণ সিদ্ধাহয় সেই টাকা দেওয়া গেলের

যত মামুল লাগিতে পারিত সেই সম্পূর্ণ মাসুল (টাকার সংখ্যা লিখিয়া) দেওয়া গিয়াছে কালেক্টর সাহেব উক্ত লিপির পৃথ্ঠ এই মর্মের সার্টিফিকেট লিখিবেন।

তাঁহার মতে সেই লিপি মাস্থলযোগ্য না ছইলে, তাহা মাস্থলযোগ্য নহে কালেক্টর সা-হেব এই কথা পূর্ব্বোক্ত প্রকার সার্টিফিকেটে লিথিবেম।

এই ধারাসুদারে যে যে নিদর্শনপত্তে পৃষ্ঠলিপি হইরাছে দেই সেই নিদর্শনপত্ত নিয়মিত
কপে ইফ্রাম্প হওরা অথবা স্থলবিশেষে মাসুলের অযোগ্য বলিয়া জ্ঞান করা যাইবে কিম্বা
ভাহাতে মাসুল লাগিতে পারিলেও তাহা
প্রমাণ্যক্রপ কি প্রকারান্তরে প্রাহ্ম হইতে
পারিবে এবং প্রথম স্থলে নিয়মিভরপে
ইফ্রাম্প হইলে তৎপক্ষে যজ্ঞপ কার্যা করা
যাইতে পারিত ওজাহা যজ্ঞপ রেজিফরী
হইতে পারিত ওজাহা করিয়া করা যাইতে
পারিবে ওভাহা ওজ্ঞপ রেজিফরী হইতেও
পারিবে ব

435-

ব্রিটিষ ভারতবর্ষে সম্পাদিত বা প্রথম সম্পাদিত যে লিপি কালেক্টর সাহেবের নিকট সম্পাদনের বা স্থলবিশেষে প্রথম সম্পাদমের তারিখের এক মাসালে আনা যায়, কিছা

ব্রিটিব ভারতবর্ষের বহিভূতি কোন স্থানে সম্পাদিত বা প্রথম সম্পাদিত যে লিপি ব্রিটিব ভারতবর্ষের মধ্যে প্রাপ্ত হইবার তিন মাসের পর তাঁহার নিক্ট আনা যায়; কিন্তা।

যাহাতে এক আনার ইফ্টাম্পের মাস্কল লা-গিতে পারে এরপ যে লিপি অথবা যেকাগজের ময়মিত ইফ্টাম্প বসান যায় নাই সেইকাগজের উপর লিখিত কি সম্পাদিত যে বিদ অফ এক্স-চেক্স কি প্রমিসরি নোট তাঁহার নিকট আনা যার,

কালেক্টর সাহের এইধারার কোন কথাদারা সেই লিপির পৃঠে লিখিবার ক্ষমতা পাই-বেশ না।

০০ ধারামতে ফী দিবার নিয়মের কথা।
তং ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর
জেমাংল সাহেব যে বিধি করেন তদতুসারে
ত০ ধারাসুযায়ী প্রত্যেক ফী ইফ্টাম্পদ্বারা বা
নগদ দিতে হইবে।

চতুর্থ অধ্যায়।

যে নিদর্শনপত্রের উপর নিয়মিত ইফ্টাম্প দেওয়া যায় নাই তদ্বিয়মক বিধি।

নিদর্শনপত্ত পরীক্ষা ও আটক করিয়া রাখিবার কথা।

ওগ ধারা। আইন কি পক্ষদের সমাতিক্রমে প্রমাণ প্রকৃষ করিবার ক্ষমতা প্রাপ্ত ও পোনীদের কার্য্যকারকভিন্ন রাজকীয় সিরিজ্ঞার ভারপ্রাপ্ত কোন ব্যক্তির নিকটে ডদীয় কার্য্য সাধনোপলক্ষে মাম্মনের যোগ্য কোন নিদর্শন পত্র আনা গেলে অথবা আসিলে ভিনি ভাষা নিয়মিউরপে ইফ্রাম্প হওয়া বোধ না হইলে আটক করিরা রাধিবেন।

তজ্ঞ এইরণ প্রভাব ব্যক্তি উক্ত রণ

মাস্ত্রবোগা ও তৎস্ত্রিধানে আনীত বা ভাষার মাস্ত্র দেওয়া গেলে কিমা (লিপিতে উপস্থিত করা প্রভোক নিদর্শনপত্র পরীক্ষা कविया प्रिथित्व या यथकारत छेक निवर्भन-পত্র সম্পাদিত বা প্রথম সম্পাদিত হয় তৎ-কালে ব্রিটিষ ভারতবর্ষে যে আইন প্রবল ছিল উহা उपयूगाग्री मृत्नात ও ध्वकादत्रत देखीन्त्र युक्त कि मा,

किस क्षांसनाती साकन्त्रमात्र कार्याध्यणली-বিষয়ক অংইনের ৪০ কি ৪২ অধ্যায়মত অথবা প্রৈসিডেন্সি মাজিপ্টেটদিগের সমন্ধীয় আই-स्तित be अधायम्ब कार्या जिल्ल को अमाती व्यामानरञ्ज कान मानिट्डें हे ना विधायशि অন্য কার্যা সম্বন্ধে কোন নিদর্শনপত্র পরীকা क्रवित्वन कि काठिक क्रविश वाशितन अहे ধারার কোম কথাতে এই অর্থ রুকাইবে ন।।

পরস্ত হাইকোটের জ্ঞা চইলে চাইকোট এই ধারামতে পরীক্ষা করিবার গু স্বাটক ক-বুয়া রাখিবার কার্য্যে যে কর্মচারিকে নিযুক্ত করেন দেই কার্য্য ভাষারই প্রতি অপিত হইতে পারিবে।

এই দারার কার্যাপকে মাঁ।হাদিগকে -রাজ-কীয় সিবিস্তার ভারপ্রাপ্ত বলিয়া জান করিতে क्टेरव छ। मीस धंवर्गमाने छ। **ह**ि मत्महञ्चल সময়ে সময়ে মির্নু করিতে পারিবেন।

যে নিদর্শনপত্তে উপযুক্ত ইন্টাম্প লাগান ষায় নাই ভাচা প্রমাণস্করণ অঞাছ

। इट्टांब क्या।

৩৪ ধারা। যে নিদর্শনপত্র মাস্ক্রযোগ্য ভাহা নিয়মিভরপে ইফ্টাম্প করা মা হইলে ভাইন বা পক্ষিণের সন্মতিক্রমে প্রমাণ এহ-ণের ক্ষমভাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্তৃক কোন উদ্দেশে প্রমাণরূপে গৃহীত হইবে মা, অথবা এরপ কোম বাক্তি ৰা বালকীয় কর্মচারী ভদ-जूमारत कार्या कतिरवस मा, वा छाश दिक्किती

উপবিধান। 🔒 কিন্ত-माञ्चल ६ मटखंद्र होका (मध्या शिक्ष य निमन्धिभा शहल करा यात्र ভাহাৰ কথা।

বা স্বাক্ষরিত করিবেন না। 🕠

(১) यःशं क्वन এक बाना मायुन्यागा কিখা বিল অফ এক্সচেপ্ত কি এছিলরি মোট নয় এমন কোন নিদর্শনপত্র যে মাসুলযোগ্য कम मूरलात हेछीन्त्र लागान थाकिरल) उक्त मायन भुद्रवार्थ वाकी हाका ও उৎमहिन्द भीह টাকা অর্থদণ্ড অথবা উপযুক্ত মামালের কি ভাহার বাকী অংশের দশগুণটাকা পাঁচটাকার অধিক হওয়াতে সেই দশ গুণের তুল্য সংখ্যক টাকা দেওয়া গেলে সেই নিদর্শনপার ন্যায়-সম্বত বজ্জিত কুলভিন্ন অন্যত্ৰ প্ৰমাণসূত্ৰণ প্রাহ্ম করা যাইতে পারিবে।

दिर्भिष रग रगोक्षपाठी स्माक्ष्मग्र मिप-শনিপত্র এছেল করা যায় ভাহার কথা।

(२) को अमानी भाकप्रभाव कार्याध्यनां ली विवसक आहेरनत , 80 कि 85 व्यथासमञ् किया 🖎 गिर्फाका भाषित धे हे नित्तव अवसीय আইনের ১৮ অধ্যায়মত কার্যা ভিন্ন এডল্লি-थिउ काम कया (क) **छ**नाडी चानागर उड़ অন্যান্য কার্য্যপ্রণানীতে কোন নিদর্শনপ্রের थ्यमान खत्र श शही उ इहेतात नाशा अनक इहेर व R: |

निष्मामश्रत आंक्ष इटेटम एटशरफ क्यांम व्याशिक मा ठलिनांत्र कथा।

(৩) ৫০ ধারার বজিতি ভুলভিন্ন কোন নিদ্রণি পত্র প্রমাণস্বরূপ গৃহীত ইইলে তা-काटक डेशयुक्त हेन्छे. ग्ला (मध्या यात्र माहे ब-লিয়া আফু হইবার বিষয়ে আপত্তি দৈট भौकष्यमा वा कार्याञ्चलालीत त्काम अवद्याप हिल्दि मा।

> নিদুশনিপত্র আটক করা গেলে ভাচা गरेश याजा कतिराज बरेरव ভাছার কথা।

৩৫ ধারা ৷ ৩০ ধার:কুসারে যে বাক্তি কোন নিগদ লপত্র আটক করেন তিলি আইন অথবা পক্ষার সমতিক্রণে এমাণ গ্রহণ করিবার ক্ষমভাপ্রাপ্ত হওয়াতে এর ধারামতে माध्य है कि गई हो। (महे व्यवानस्त्रभ व्यक्त कवित्त ख्राभाक व्य माध्यल ও অর্থদণ্ড লণ্ডরা যোল ভারা শংসিতরণে विधिया উक्क भेश्मिजविशि (मई दिम्बाम-পৰের জাৰিতা প্রতিলিপির সজে দিয়া कारमञ्जू जारहरवत्र मिकटडे शांत्रीहेग्रा मिरवन अवर डेक अर्थमाधन होका कात्महेन माहर

বের নিকট অপবা কালেক্টর সাহেব এই কার্য্য জন্য যাহাকে নিযুক্ত করেন সেই ব্যক্তির নিকটে পাঠাইবেন।

ঁ অন্য সকল ছলে যে ব্যক্তি কোন নিদ্দান পত্র আটক করেন ডিনি সেই আসল পত্র কালেক্টর সাহেবের নিকট পাঠাইবেন।

> ৩৫ ধারার প্রথম পরিচেচ্চনতে দণ্ডের টাকা কালেক্টর সাহে-বের ফিরাইয়া দিবার ক্ষমভায় কথা।

ও৬ ধারা। ৩৫ ধারার প্রথম পরিচ্ছেদ মতে কোন নির্মানপাত্তের প্রাতিলিপি কালেন্টর লাহেবের নিকট পাঠান গেলে যদি কেছ এ বিষয়ে তাঁছার নিকটে প্রার্থনা করে দেই নিদ-শানপত্ত সম্বন্ধে পাঁচ টাকার অভিবিক্তি অর্থ-দণ্ড দেওয়া গেলে তিনি স্বীয় বিবেচনামতে সেই অভিবিক্ত টাকার কোন অংশ কিরি-ইয়া দিতে পারিবেন কিন্ধা

১২ কি ২০ ধারা উল্লেজ্যন করিয়া লেখা হইরাছে বলিয়াই যে নিদর্শনপত্র আটক করা যায় তৎপক্ষে দণ্ডের যে টাকা দেওয়া গিয়াছে তিনি সেই সমুদর টাকা ফিরাইয়া দিতে পারিবেন।

যে নিদর্শন পত্র আটক করা গেল তা-ছাতে কানেক্টর সাহেবের ইফ্রাম্প লাগাইবার ক্ষমভার কথা।

৩৭ ধারা। কালেক্টর সাহেব ৩০ ধারাত্বসারে কোন নিদর্শন পত্র আটক করিলে কিন্তা:
৩৫ ধারার ২ প্রকরণমতে প্রেভিত কোন নিদর্মানপত্র প্রোপ্ত চইলে নিম্নলিখিত প্রাণালীমতে
কার্য্য করিবেন,

(ক) উক্ত নিদর্শনপত্তে নিয়মিত ইফ্টাম্প দেওয়া গিয়াছে কিন্তু তাহাতে ইফ্টাম্প বাগিবে না যদি তাহার এইমত হয় তবে নিয়মিত ইফ্টাম্প দেওয়া গিয়াছে অথবা ছল বিশোষে ইফ্টাম্প লাগিবে না ঐ নিদর্শনপত্তের
পৃষ্ঠে এই মর্দ্দের শংসিত কথা লিখিবেন
এবং তাঁহার নিকট এতৎপক্ষে প্রার্থনা করা
গোলে সেই নিদর্শনপত্ত যে ব্যক্তির অধিকার
হইতে আটককারী কার্য্যকারকের হত্তে পত্তছিরাছিল সেই যাক্তিকে অথবা তিনি অন্য
কাহারো নিক্টে অপ্রত্তে বলিলে কালে-

कुछेत्र जारकत जाँशांकर त्यहे निष्मांन भवा कितारेश पिटतन।

থে) উক্ত নিদর্শনপত্র মাসুল্যোগ্য কিন্তু নিয়মিওরণে ইফ্টা,ম্পা করা যায় নাই কালেক্টর সাংহণ্ডের এই রূপ বেবেচনা হইলে তিনি পাঁচ টাকা অর্থদন্ডসহ উপযুক্ত মাসুল অথবা সেই মাসুল পূর্ণ করিবার অন্তে যত টাকা লাগে ভাষা চাহিবেন, কিষা উপযুক্ত মাসুলের কি বাকী অংশের দেশগুণ টাকা পাঁচ টাকার অধিক হইলে তিনি স্থীয় বিবেচনামতে পাঁচ টাকার অন্যান ও উক্ত মাসুলের কি মাসুলের অংশের টাকার দশগুণ টাকার অন্ধিক অর্থ-দণ্ড করিবেন।

কিন্ত উক্ত নিদর্শনপত্র ১২ কি ২০ ধারা উল্লেক্সন করিয়া লেখা হইয়াছে বলিয়াই আদ্ টক করা গোলে কালেক্টর সাহেব স্বীয় বিবেচ-নামতে এই ধারার নির্দািরিত সমুদ্য অর্থদণ্ড ক্ষমা করিতে পারিবেন।

এই ধারার (ক) প্রকরণমতে যে কোন শংশ সিতলিপি করু যায় তাহা এই আইনের উ-দ্দেশ্য সহস্কে উলিথিত বিবরণের সভ্যভার সিদ্ধান্ত প্রমাণসক্রপ গণ্য হইবে।

যে নিদশনপাত্তে কেবল এক আনা মাসুল লাগে এই ধারার কোন কথা তৎপ্রতি অথবা বিল অফ এক্সচেপ্লের কি এমিসরি নোটের প্রতিবর্তিবে না।

অকক্ষাৎ কোন কারণে যে নিদর্শনপত্তে স্থান মৃথ্যের ইকীম্প লাগান যায় ভাহার কথা।

তদ ধারা। মাত্রলযোগা যে নিদর্শনপত্তে
নিয়মণত ইট্টাম্প লাগান যায় নাই কোন হাজি
কৈচ্ছাপুর্বক ভাহা সম্পাদনের বা প্রথম
সম্পাদনের ভারিথ অবধি এক বংসরের মধ্যে
কালেন্ট্র সাহেবের সম্মুথে উপস্থিত করাইলে
আর ভাহাতে নিয়মণত ইট্টাম্প লাগান যায়
নাই এই কথা কালেন্ট্র সার্চেবের গোচর করাইরা উপযুক্ত মাসুল অথবা তৎপূর্ভ করিবার নিমিত্ত যে টাকা লাগিবে ভাহা দিতে
স্বীক্ষত হইলে এবং নেই নিদর্শনপত্তে অকনাৎ কিমা ভুলক্রনে কি প্রবন্ধর কোন
কারণে উপস্কুক ইট্টাম্প দেওয়া যার নাই কালেক্টর সাহেব ইহা ছবোধনতে জানিলে ভিনি

২০ ৪ ৩৭ ধারামতে কার্য্য না করিয়া উক্ত টাকা প্রাহণ করিয়া অব্যবহিত পরের লিখিত বিধানমতে কার্য্য করিতে পারিবেন।

যে নিদর্শনপত্তে কেবল এক আন। দাসুল লাগিতে পারে এই ধারার কোন কথা তৎ-প্রতি অথবা বিল অফ এক্সচেপ্তের কি প্রমি-, সরিদোটের প্রতি বর্ত্তিবে না।

৩৪, কি ৩৭, কি ৩৮ ধারামতে যে নিদর্শন-পত্রে মাসুল দেওয়া হইক্সছে তাহার পৃষ্ঠলিপি করিবার কথা।

৩৯ ধারা। কোন নিদর্শনপরে যে মাসুল ও (অর্থদণ্ডও বর্তিলে) যে অর্থদণ্ড লাগিতে পারে ভাহা ৩৪ কি ৩৭ কি ৩৮ ধারামতে দেওরা গেলে যে বাক্তি সেই নিদর্শনপত্র প্র-মাণস্থরূপ গ্রাহ্য করিয়াছেন অথবা ছলবি-শেরে কালেক্টন সাহেব নিদর্শনপত্রের পক্ষে উপযুক্ত মাসুল কিছা ছলবিশেষে উপযুক্ত মাসুল ও অর্থদণ্ডের টাকা(উভয় পরিমাণ টাকার সংখ্যা এই স্থলে লেখা যাইবে) আন্দায় ছইয়াছে এই কথা এবং আদায়কারি ব্যক্তির নাম ও ধাম সেই নিদর্শনপত্রের প্রাক্তির নাম ও ধাম সেই নিদর্শনপত্রের

যেই নিদশনপত্তে এইরূপ পৃষ্ঠলিপি চইরাছে ডাহা প্রমাণস্বরূপে গ্রাহ্য হইডে পাবিবেও নিয়মিতরূপে ইফীক্যা করা হইয়াছে
বলিয়া ডাহা রেজিফারী করা যাইবেও ওদমুসারে কার্য্য করা যাইতে পারিবে ও ডাহা
স্বাক্তির করা যাইতে পারিবে এবং ডাহা
যে বাজির অধিকার হইতে আর্টককারী
কার্য্যকারকের হত্তে অপ্রতি হইয়াছিল সেই
ব্যক্তির প্রার্থনামতে হয় ভাহাকেই না হয়
তিনি মাহাকে দিতে বলেন ভাহাকেই ফিরাইয়া দেওয়া ঘাইবে।

িন্ত যে নিদর্শনপদ্ধ মাসুল ও দণ্ডদিবার পরে ৩৪ ধারাসুঁসারে প্রমাণস্বরূপ প্রাচ্চ হই-রাছে ভাছা আটকের তারিখ অবধি এক সাস অভিনাহিত হুইবার পূর্বের অগবা ভাহা আরে! আটক করিয়া রূখা আবশ্যক কালেক্টর সা-হেব এইরূপ সংশিত লিপি নিথিম্বা সেই লিপি অকর্মণ্য না করিলে ফিরাইয়া মেওয়া যাইবে না।

क्छि अरे शाहांत्र कान क्यांत्र (मठहानी

